দৈনিক বাংলা

তারিখ ... ২১।৫।৮৩ ...
পৃষ্ঠা ... কলাম ... ২ ...

51

# শিক্ষাক্ষেত্রে সরকারী বেসরকারী বৈষম্য দূর করা হবে ঃ মজিদ

দৌলতপুর (খুলনা), ২০শে মে।—শিক্ষামন্ত্রী ডঃ আব্দুল মজিদ খান বলেন, সরকার শিক্ষাক্ষেত্রে সরকারী ও বেসরকারী বৈষম্য দূর করতে বদ্ধপরিকর। মন্ত্রী গতকাল এখানে মোহাসন মহিলা মহাবিদ্যালয়ে ছাত্রী শিক্ষক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

ডঃ খান বলেন অতীতে ধনী ও বিত্তবানদের আর্থিক সাহায্য ও সহযোগিতায় দেশে বহু শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছিল। মোহসিন মহিলা মহাবিদ্যালয় তার এক জ্বলন্ত উদাহরণ। নারী শিক্ষার প্রতি গুরুত্ব আরোপ করে শিক্ষামন্ত্রী বলেন একজন পুরুষকে শিক্ষা দিলে একজনই শিক্ষিত হয় অথচ একজন নারীকে শিক্ষিত করে গড়ে তোলার অর্থ গোটা পরিবারকে শিক্ষিত করে তোলা।

অনুষ্ঠানে ভাষণদানকালে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা মহাপরিচালক বিগেডিয়ার এ কে এম শামসুল ইসলাম বলেন, গণমুখী

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## মজিদ

(১ম পৃঃ পর)

শিক্ষার নামে নকলমুখী বা সার্টিফিকেট সর্বাস্ব শিক্ষা সরকারের কাম্য নয়, বরং জনগণকে শিক্ষামুখী করাই সরকারের মূল লক্ষ্য।

কলেজের অধ্যক্ষ মোঃ জদা রহমান ডঃ আবুল কাশেম মনসুর আলী এডভোকেট, কে এস আলাম প্রমুখ অনুষ্ঠানে বক্তৃতা করেন। খবর তথ্য বিবরণীর।